1000 Rs.

INDIA NON JUDICIAL

१००० रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

Admissible under rule ... of I. R. Act
Stamped of 614 of L. R. Act
... Indian Stamp Act ...

173 400/-

1000Rs.

INDIA NON JUDICIAL

१०००रू. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रूपये ONE THOUSAND RUPEES

Admissible under rule 21, ... Stamped of 614 of L. R. Act under the Indian Stamp Act Schedule ... Corrected upto 1974 ... Fees Paid ...

মং ২০,০০০/- (কুড়ি হাজার টাকা) পন মূল্যের

সাফ বিক্রয় কোবালা ।।

কোবালা গ্রহীতা :- শ্রী শ্যামল কুমার রায় চৌধুরী, পিতা মৃত প্রকাশ চন্দ্র রায় চৌধুরী, জাতি-হিন্দু, পেশা- ব্যবসা, সাকিন ৩৭নং এস, এন, রোড, হরিনাভী, থানা সোনারপুর, জেলা ২৪ পরগণা (দক্ষিণ) ।।

Stamp Duty of Rs. 7670 ... paid by Bank draft drawn on ...

কোবালা দাতা ও দাত্রী :- ১। শ্রী সমর রায় চৌধুরী, পিতা মৃত প্রবোধ কুমার রায় চৌধুরী, জাতি-হিন্দু, পেশা- চাকুরী, সাকিন ১০ নং সুইনহো লেন, কলিকাতা- ৭০০০৪২ ।

2321 — 22/11/2000 Samar Ray Chaudhury
Hari...

Name: Shyamsundar
Address: ...
P.S. ...
Vendor: ...

Santosh Kr. Dey
ABEDUR FORICM SOWING

B. 24 Nov. ...

2321 = 1000/-
2322 = 10/-
2 — 1010/-


Presented for registration at 12/00 A.M./P.M.
on the 24th day of Nov 2000
at the Sonarpore Addl. Dist. Sub-Registry Office
by Samar Raychowdhury
Executant / Executants

Samar Roychoudhury

24 NOV 2000

Samar Ray Choudhury
S/o Prabodh Kr. Ray Choudhury
Q.T.O. No. Sec-in-Ko. Home
H/Service

Tapati Mitra
Nakul Ch. Mitra



11970

Samar Roy Choudhury



11981

Tapati Mitra

S/o ... 15 E C.I.T. Rd.
Thana - ... Fej. 2 E.M.
Dist - South 24 Parganas
by Caste Hindu / ...
by Profession Service / ... 78


H. Chowdhury

Swapan Kr. Ray Choudhury
S/o ... Bakash Ch. ...
of Harinavi
Thana - Sonarpore,
Dist - South 24 Parganas
by Caste Hindu / ...
by Profession Business / ...

Swapan Kr. Ray Chaudhury
S/o
Late Bokash Ch. Ray Chaudhury
Service
Harinavi
South 24 Pgs.

24 NOV 2000

10 Rs.






২। শ্রীমতী তপতী মিত্র, স্বামী শ্রী নকুলেশ্বর মিত্র, জাতি-হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন এ।৬-১১৫, ই. পি. টি, পি, ফেজ-২, ই, এম, বাইপাস , কলিকাতা- ৭০০০৭৮ ।।

( ক )

কস্য নিম্ন তপশীলে বর্ণিত অবিভক্ত ১।৪ (একের বাঁটা চার ) অবিভক্ত অংশের সাফ বিক্রয়ের কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুরের এলাকাধীন, মৌজা হরিনাভী গ্রামে ৯৪৭, ১৩৭১, ১৩৭৪ ও ১৩৭৩ নং খতিয়ানভুক্ত ৩৪৬ নং দাগের অন্তর্গত বাস্তু জমি জমা ও তদুপরিস্থিত গৃহাদি সহ অন্যান্য সম্পত্তি আমরা অত্র কোবালা দাতা ও দাত্রী ও তুমি অত্র কোবালা গ্রহীতার পিতামহ

2323

22/11/2000

Shyamal Kr Roy Chaudhry

37 M.S. Ave

Harinavi

Samar Roy Chaudh

৺পূর্ণ চন্দ্র রায় চৌধুরীর ভোগ দখলীয় সম্পত্তি ছিল। আমাদের পিতামহের মৃত্যুর পর তাঁহার চারি পুত্র যথাক্রমে – ত্নমি কোবালা গ্রহীতার পিতা ৺ প্রকাশ চন্দ্র রায় চৌধুরী ও তাঁহার তিন ভ্রাতা ৺ সুনীল কুমার রায় চৌধুরী, ৺ অনিল কুমার রায় চৌধুরী ও আমরা এই কোবালা দাতা ও দাত্রীর পিতা ৺ প্রবোধ কুমার রায় চৌধুরী একযোগে তুল্যাংশে প্রাপ্ত হয়েন ।

পরবর্তীকালে ঐ সকল সম্পত্তি একত্রে ভোগ দখলে অসুবিধা দেখা দেওয়ায় আমাদের পূর্বাধিকারীগণ সকলে মিলিয়া বিগত ইংরাজী ১৯৭১ সালের ২১শে এপ্রিল তারিখে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহিঃ, ১৯ নং ভল্যুমে ৩ হইতে ১৩ নং পাতায় ১৯৭১ সালে লিপিবদ্ধ ১১৭১ নং দলিল দ্বারা একরেতা আপোষ বন্টন নামা দলিল বলে ঐ সকল সম্পত্তি নিজেদের মধ্যে ভাগ বাঁটোয়ারা করিয়া লয়েন ও মৌজা হরিনাভী গ্রামে, দাগ নং ৩৪৬, খতিয়ান নং ১৪৭, ১৩৭১, ১৩৭৪ ও ১৩৭৩ অন্তর্গত কমবেশী ২ দুই কাঠা জমি সায় তদুপরিস্থিত ৬০ বৎসরের পুরাতন গৃহাদি এজমালে ভোগ দখলে রাখেন এবং উক্ত জমি সহ গৃহাদি পূর্বতন রাজপুর পৌর সভার হাল রাজপুর সোনারপুর পৌর সভার ৪ নং ওয়ার্ডের অধীন হোল্ডিং নং ৩৭, নেতাজী সুভাষ রোড বলিয়া চিহ্নিত হয় ও আছে ।

তৎপরবর্তীকালে, আমরা এই কোবালা দাতা ও দাত্রীর পিতা ৺প্রবোধ কুমার রায় চৌধুরী বিপত্নীক অবস্থায় ইংরাজী ৩১শে জুলাই ১৯৯০ তারিখে তাহার একমাত্র পুত্র (১ নং কোবালা দাতা) ও একমাত্র কন্যা (২নং কোবালা দাত্রী) -কে তাহার উত্তরাধিকারী রাখিয়া পরলোক গমন করেন এবং আমাদের পিতার মৃত্যুতে

Samar Roychoudhury

Yagati Mitra

Samar Roy Chaudhury

Gopali Mitra



আমরা উভয়েই উপরোক্ত ৩৭ নং নেতাজী সুভাষ রোড প্রেমিসেসস্থিত জমি সহ পুরাতন দ্বিতল বাটীতে আমাদের পিতার অবিভক্ত ১।৪ অংশ যৌথ মালিকানা প্রাপ্ত হইয়া ঐ বাটীর দ্বিতলে ১খানি ঘর, টালার ছাউনিযুক্ত ১ খানি ঠাকুরঘর ও ১খানি বারান্দা সহ অংশে আমাদের অবিভক্ত অংশ অর্থাৎ উভয়েই ১।৮ অবিভক্ত অংশে ঐ বাটীর অন্যান্য সহ অংশীদারগণের সহিত খাসে ভোগ দখলে আছি ও রহিয়াছি।

বর্তমানে আমাদের নানা অসুবিধা হেতু ও নগদ টাকার প্রয়োজনে আমরা উক্ত প্রেমিসেসস্থিত সম্পত্তিতে আমাদের উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত উভয়ের প্রত্যেকের অবিভক্ত ১।৮ অংশ অর্থাৎ যৌথ ভাবে আমাদের অবিভক্ত ১।৪ (এক চতুর্থাংশ) অংশ বিক্রয়ের ঘোষণা করিলে তুমি এই কোবালা গ্রহীতা আমাদের জ্যাঠা মহাশয় প্রকাশ চন্দ্র রায় চৌধুরীর পুত্র ও আমাদের জেঠতুতো কনিষ্ঠ ভ্রাতা হিসাবে তাহা খরিদ করিতে রাজী আছ জানাইলে এবং আমরা উভয়ে তোমার প্রস্তাবে সম্মত হইয়া উপরোক্ত প্রেমিসেসে আমাদের অবিভক্ত ১।৪ অংশ অর্থাৎ উক্ত বাটীতে নিম্ন তপশীল বর্ণিত অংশে তোমাকে খাস দখল দিয়া ও তোমার নিকট হইতে মং ২০,০০০(কুড়ি হাজার টাকা ) বুঝিয়া পাইয়া অদ্য তারিখে তোমার নাম বরাবরে সাফ কোবালা দলিলে সহি সম্পাদন ও উহা রেজিষ্ট্রী করিয়া দিলাম এবং অদ্যকার তারিখ হইতে তোমাকে বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের উভয়ের প্রত্যেকের ১।৮ অংশ অর্থাৎ একযোগে আমাদের অবিভক্ত ১। ৪ অংশে দখল বুঝাইয়া দিয়া এতদ্দ্বারা স্বীকার, অঙ্গীকার প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

বিক্রীত তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের যে সমুদয় লভ্য, স্বত্ব, হকিয়ৎ, দাবী, দাওয়া দখলাধিকার ইত্যাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য আমাদের

হইতে সম্পূর্ন রূপে রদ ও রহিত হইয়া তোমাতে নিব্যূঢ় সূত্রে বর্ত্তাইল বা অর্পিল। তুমি অদ্য হইতে তপশীল বর্ণিত বরিদা সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক দখলীকার নিযুক্ত হইয়া সরকার বাহাদুর সেরেস্তায় ও স্থানীয় বি, এল, এ্যান্ড, এল, আর, ও, রাজপুর সোনারপুর পৌর সভা অফিস ইত্যাদিতে আমাদের পূর্ব পুরুষ ও আমাদের নামের স্থলে তোমার নিজ নাম পত্তনে ও উক্ত অফিসাদিতে নির্ধারিত ট্যাক্সাদি তোমার নিজ নাম বরাবর আদায় দিয়া উহা দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর অবস্থান্তর, রূপান্তরাদির সর্বপ্রকার ক্ষমতাযুক্তে ও ইমারতাদি নির্মানে যদৃচ্ছামতে তুমি মায় তোমার পুত্র-পৌত্রাদি ওয়ারিশান ও ভবিষ্যতে স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক ও থাকিবেক, তাহাতে আমরা কিম্বা আমাদের ওয়ারিশান ও ভবিষ্যত স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিন কালে বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না। করিলেও তাহা অত্র সাফ বিক্রয় দলিলের বুনিয়াদে সর্ব স্থানে সর্বাদালতে অসিদ্ধ, অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক।

অত্র দলিলে বিক্রীত সম্পত্তি বা উহার স্বত্ব আমরা ইতিপূর্বে কখনও কোনও প্রকার হস্তান্তর বা দায় সংযোগাদি করি নাই বা উহা স্বত্ব দখলের কোন দোষ নাই বা উহা কাহারও নিকট বিক্রয় করিবার জন্য কোনও বায়নাপত্রে আবদ্ধ হইয়া কোন নগদ অর্থ গ্রহণ করি নাই বা উহা কোন প্রকার বেনামদার করিয়া রাখি নাই বা কাহাকেও বিলি বন্দোবস্ত দিই নাই বা উহা কোন দেবসেবায় বা ট্রাস্ট ফান্ডে অর্পিত হয় নাই বা উহা সরকারী এ্যাকুইজিশান বা রিকুইজিশানে এর আওতাভুক্ত সম্পত্তি নহে বা অদ্যাবধি ঐ সম্পর্কে কোন নোটিশ জারী পাই নাই বা উহা কোন মামলা মোকদ্দমার

Samar Roy Chowdhury

Gopali Mitra

বিষয়ীভূত সম্পত্তি নহে। উহা সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় আমাদের অবিভক্ত অংশে দখলে থাকাকালীন অদ্য তোমার নিকট সাফ বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তির যাবতীয় স্বত্ব হইতে চির-নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং অদ্য তারিখ হইতে তপশীল বর্ণিত সম্পত্তিতে তোমাকে খাস দখল দিলাম ।


প্রকাশ থাকে যে, ভবিষ্যতে নিম্ন তপশীল বিক্রীত সম্পত্তি সম্বন্ধে যদি কোন প্রকার মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ পায় বা তোমার খরিদা স্বত্ব দখলের কোন প্রকার হয় হানি বা বাধা বিঘ্ন ক্ষতি বা করে তাহা হইলে মাফিক আইন আমলে আনিয়া আমরা দায়ী ও দণ্ডনীয় হইব এবং পনের লিখিত দস্তত টাকা মায় যাবতীয় খরচাদি সুদ সমেত ফেরৎ দিতে আমরা মায়ে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

আরও প্রকাশ থাকে যে, আমাদের পূর্বকৃত কার্যের দরুন তোমার খরিদা সম্পত্তিতে ভোগ দখলের কোনরূপ বিঘ্ন ঘটে, বা বেদখল হও তবে তোমার খরিদা স্বত্ব সুদৃঢ় করনার্থে তোমার অনুকূলে সাক্ষ্য প্রমানাদি দিতে আমরা বাধ্য রহিলাম ও অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের কোন অংশ যদি ভবিষ্যতে কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তদনিমিত্ত ভ্রম সংশোধন বা অনুরূপ কোন দলিলাদি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিবার আবশ্য হয় তবে তোমার নিকট হইতে পুনরায় কোন পন মূল্য বা পারিশ্রমিকের দাবী না করিয়া তোমার তলবমত তোমার নিজ খরচায় তাহা সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা মায় আমাদের ভবিষ্যত ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক ।

এতদর্থে আমরা অত্র কোবালা দাতা ও দাত্রী স্বেচ্ছায় সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে অত্র সাফ কোবালা দলিলে লিখিত তাহা পাঠ করিয়া ও উহার মর্ম সম্যক জ্ঞাত হইয়া এবং পনের লিখিত মং ২০,০০০৲ ( কুড়ি হাজার টাকা) পন নগদে বুঝিয়া পাইয়া উহাতে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী সন ২০০০ সালের ২৪ শে নভেম্বর । মোতাবেক বাংলা ১৪০৭ সালের ৮-ই অগ্রহায়ণ ।

তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তির পরিচয় :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, মৌজা হরিনাভী, দাগ নং ৩৪৬, খতিয়ান নং ৯৪৭, ১৩৭৯, ১৩৭৪ ও ১৩৭৩ অন্তর্গত রাজপুর- সোনারপুর পৌর সভার ৪ নং ওয়ার্ডের অধীন ৩৭ নং নেতাজী সুভাষ রোড হোল্ডিংভুক্ত কমবেশী ২ দুই কাঠা জমি সায় তদুপরিস্থিত ৬০ বৎসর পুরাতন জীর্ন বাটী সহ সমগ্র সম্পত্তিতে আমাদের উভয়ের প্রত্যেকের অবিভক্ত ১।৮ অংশ অর্থাৎ একযোগে আমাদের অবিভক্ত ১।৪ (এক-চতুর্থাংশ) অংশ অত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তি হইতেছে এবং উক্ত সম্পত্তিতে আমাদের অবিভক্ত অংশে আমাদের দখলে থাকা দ্বিতলে পূর্ব দিকে একখানি ১৫'×১১' ফুট শয়ন ঘর , টালির ছাউনিযুক্ত একখানি ৮'×১৬' ফুট বারান্দা, দ্বিতলের মেজানাইন ফ্লোরে টালীর ছাউনিযুক্ত ১০'×৩'-৬'' পরিমিত ঠাকুরঘর অত্র কোবালা মূলে গ্রহীতার অনুকূলে দখল হস্তান্তরিত হইতেছে ।



॥ ৮ ॥

Samar Roychowdhury
Hapati Mitra

উক্ত প্রেমিসেসের চৌহদ্দি :-

উত্তরে :- এজমালী রাস্তা ।

দক্ষিণে :- ৺অনিল রায়চৌধুরীর বাটী ।

পূর্ব্বে :- ৺প্রকাশ রায় চৌধুরীর বাটী ।

পশ্চিমে :- নেতাজী সুভাষ রোড ।

তপশীল - টাকার জায় :-

২০,০০০.০০ টাকা ।

মং কুড়ি হাজার টাকা মাত্র আমরা বুঝিয়া পাইলাম ।

Samar Roy Chowdhury.....

Hapati Mitra........

( কোবালা দাতা ও দাত্রীর স্বাক্ষর :-)

মুসাবিদাকারক :-

চঞ্চল সাঁতরা
( চঞ্চল সাঁতরা)
এ্যাডভোকেট,
আলিপুর জজ কোর্ট,
কলিকাতা- ৭০০০২৭ ।।

টাইপকারক :-

তপন মান্না
( তপন মান্না),
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা- ২৭ ।।

ইসাদি :-

1. Nakuleswar Mitra
A/6-15 E.C.T.P
Phase II, E.M. Bye Pass
Calcutta - 700078.

2. Swapan kr. Roy Chowdhury
PO & Vill - Harinavi
Dist. - 24 Pgs (S)
N. S. Road.

তারিখ :-

ইংরাজী সন ২000 সালের ২৪শে নভেম্বর ।

বাংলা সন ১৪0৭ সালের ৮-ই অগ্রহায়ণ ।

।। সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর ।।

।। সাফ বিক্রয় কোবালা দলিল ।।

মূল্য :- ২0,000 কুড়ি হাজার টাকা ।।

কোবালা গ্রহীতা :-

শ্রী শ্যামল কুমার রায় চৌধুরী ।।

কোবালা দাতা ও দাত্রী :-

১। শ্রী সমর রায় চৌধুরী, ২। শ্রীমতী তপতী মিত্র ।।

মুসাবিদাকারক :-

শ্রী চঞ্চল সাঁতরা, এ্যাডভোকেট,

আলিপুর জজ কোর্ট, কলিকাতা- ৭00027 ।।